



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

গ্রিসে আয়োজিত হলো তিন দিন ব্যাপী 'বাংলাদেশের সুর' শীর্ষক চিত্র প্রদর্শনী

গ্রিসের রাজধানী এথেন্সে বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে 'বাংলাদেশের সুর' (Tune of Bangladesh) শীর্ষক তিন দিন ব্যাপী এক চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এথেন্সের 'সিহিকো মিউনিসিপ্যাল আর্ট গ্যালারি লেফায়' গত ২১ থেকে ২৩ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ১৫ জন স্বনামধন্য বাংলাদেশি চিত্রশিল্পীদের আঁকা ৩৫টি চিত্রকর্ম ও ভাস্কর্য এই চিত্র প্রদর্শনীতে স্থান পেয়েছে যা শিল্পানুরাগীদের বিশেষভাবে আকৃষ্ট করতে সক্ষম হয়েছে।

বাংলাদেশ ও গ্রিসের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ দূতাবাস এই বিশেষ চিত্র প্রদর্শনীর আয়োজন করে। ২১ সেপ্টেম্বর সন্ধ্যায় বাংলাদেশ থেকে আগত অংশগ্রহণকারী শিল্পীদের উপস্থিতিতে বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমদ এবং ফিলোথেই সিহিকো মিউনিসিপ্যালিটির ডেপুটি মেয়র এলেনি জেপাউ কর্তৃক প্রদর্শনীটির উদ্বোধনকালে গ্রিসে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত অমৃত লুগুন, আর্ট গ্যালারি লেফার পরিচালক এবং শিল্প-ইতিহাসবিদ এলিজাবেথ গেরোলিমাটোস, ইলাইনেপা-এর প্রেসিডেন্ট ও ভাষাবিদ অধ্যাপক দিমিত্রিস ভ্যাসিলিয়াদিস এবং বিভিন্ন দেশের কূটনীতিকসহ বিপুল সংখ্যক গ্রিক ও প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন।

তিন দিন ব্যাপী এই চিত্র প্রদর্শনীতে স্থান পাওয়া শিল্পকর্মগুলোতে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও প্রকৃতির সাবলীল চিত্র যেমন ফুটে উঠেছে তেমনি বাংলাদেশের মানুষের সমকালীন চিন্তা ভাবনাও প্রতিফলিত হয়েছে যা এথেন্সের চিত্রশিল্পী সমাজ, শিল্পবোদ্ধা, ও সাধারণ শিল্প রসিকদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উৎসাহ তৈরিতে সক্ষম হয়েছে। প্রদর্শনীটি গ্রিক শিল্পপ্রেমীদের রং তুলির আঁচড়ে বাংলাদেশকে বিশেষভাবে জানার সুযোগ করে দেয়। এছাড়া শিল্প ও চিত্র সমালোচকদের অকুণ্ঠ বাহবা কুড়ানোর পাশাপাশি প্রদর্শনীকালে সাংস্কৃতিক বিনিময়ের অংশ হিসাবে গ্রিস ও বাংলাদেশের মধ্যে শিল্পীদের সফর বিনিময় ও অধিক সংখ্যক প্রদর্শনী আয়োজনের মাধ্যমে নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠার আহ্বানও জোরালো হয়।



এথেন্স, ২৫ আগস্ট ২০২২

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr